

## প্রাথমিক শিক্ষা নিয়ন্ত্রণ নয় মান উন্নয়ন করা হবে - ব্র্যাক

শ্রেণি বিচ্ছিন্ন। ব্র্যাক জেলার ৯টি জেলার ২০টি উপজেলার প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সরকারের সঙ্গে যৌথভাবে পাইলট প্রকল্প হাতে নিয়েছে। সরকারী ও রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোর ছাত্রছাত্রীদের শিক্ষার গুণগতমান উন্নয়নের জন্যই এ যৌথ কর্মসূচী পরিচালিত হবে। ব্র্যাকের ওপর কোন নিয়ন্ত্রণের দাবিদে সরকার অর্পণ করেনি।

ব্র্যাকের পাঁকে পরিচালক পাবলিক এ অ্যাফেয়ার্স এন্ড কমিউনিকেশন এম আনোয়ার হুত তার দায়িত্ব পূরণে ৭ ছুন জেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ ব্যাখ্যা দিয়েছেন।

বিজ্ঞপ্তিতে তিনি বলেন, এ প্রকল্পের আওতায় যেসব কর্মকর্তা পরিচালিত হবে সেগুলো হল শিক্ষকদের পেশাগত প্রশিক্ষণ, অতিরিক্ত সজা অনুষ্ঠান, ব্যবস্থাপনা কমিটিকে সক্রিয়করণ, বিদ্যালয় প্রধান শিক্ষকের নেতৃত্বে শিক্ষকদের পাবলিক পর্যালোচনা সজা অনুষ্ঠান ইত্যাদি। ব্র্যাক জিলাত, ৩ বছর পেরনুহ জেলার ৬টি উপজেলার সরকারী ও রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে সফলভাবে উক্ত কর্মকর্তা পরিচালনা করেছে। এরই ধারাবাহিকতায় ২০টি উপজেলার বর্তমান পাইলট প্রকল্প হাতে নেয়া হয়েছে।

ব্যাখ্যা করা হয়, ব্র্যাক আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচী আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার পরিপূরক হিসেবে কাজ করেছে। বর্তমানে ১২ লাখ পরিদ্র শিক্ষার্থী নিয়ে ৩৭ হাজার ৫০০ প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করছে ব্র্যাক। এদের ৩৮ লাখ শিশু প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেছে। এসব স্কুলের পাসের হার ৯৫ ভাগের বেশী। এসব স্কুলের মোট শিক্ষার্থীর পড়করা ৯০ ভাগের বেশী মাধ্যমিক স্তরে ভর্তি হয়েছে।